

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৫৯

পর্ব-৯: দু'আ (তা وكتاب الدعوات)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مَا مِنْ مُسْلِمٍ يَدْعُو بِدَعْوَةٍ لَيْسَ فِيهَا إِثْمٌ وَلَا قَطِيعَةُ رَحِمٍ إِلَّا أَعْطَاهُ اللَّهُ بِهَا إِحْدَى ثَلَاثٍ: إِمَّا أَنْ يُعَجِّلَ لَهُ دَعْوَتَهُ وَإِمَّا أَنْ يَصْرِفَ عنهُ من السُّوءِ مثلَها قَالُوا: إِذَنْ نُكثرُ قَالَ: «الله أَكثر» . رَوَاهُ أَحْمد

#### বাংলা

২২৫৯-[৩৭] আবৃ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন মুসলিম দু'আ করার সময় কোন গুনাহের অথবা আত্মীয়তার সম্পর্ক ছিন্নের দু'আ না করলে অবশ্যই আল্লাহ তা'আলা তাকে এ তিনটির একটি দান করেন। (১) হয়তো তাকে তার কাজ্ফিত সুপারিশ দুনিয়ায় দান করেন, (২) অথবা তা তার পরকালের জন্য জমা রাখেন এবং (৩) অথবা তার মতো কোন অকল্যাণ বা বিপদাপদকে তার থেকে দূরে করে দেন। সাহাবীগণ বললেন, তবে তো আমরা অনেক বেশি লাভ করব। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আল্লাহ এর চেয়েও বেশি দেন। (আহমদ)[1]

## ফুটনোট

[1] সহীহ: ইবনু আবী শায়বাহ্ ২৯১৭০, সহীহ আদাবুল মুফরাদ ৫৫০/৭১০, সহীহ আত্ তারগীব ১৬৩৩, আহমাদ ১১১৩৩, শু'আবূল ঈমান ১০৯০।

#### ব্যাখ্যা

व्याখ্যা: (الله أَكثر) এর অনেকগুলো ব্যাখ্যা করা হয়েছে [সবগুলোই 'আল্লামা ত্বীবী (রহঃ)-এর থেকে]

১. আল্লাহ সুবহানাহূ ওয়াতা আলা তোমাদের দু আর চেয়ে সর্বাধিক বেশি কবূলকারী।



- ২, আল্লাহর অনুগ্রহ তোমাদের দু'আর চেয়ে অনেক বেশি প্রশস্ত।
- ৩. আল্লাহ সুবহানাহূ ওয়াতা আলা দান করার দৃষ্টিকোণ থেকে খুব বেশি পরিমাণ দান করে থাকেন।

সুতরাং বান্দারা দু'আ করে তাকে অক্ষম করে দিতে পারবে না, কেননা তার ধনভাগুার এত বড় যে, তা শেষ হওয়ার নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন